আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

চিরিরবন্দর, দিনাজপুর।

প্রথম সপ্তাহ

শিক্ষকঃ মোঃ আব্দুল কাদের মোবাইলঃ ০১৭২২৯৩৮০৭৯

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলাপত্র: প্রথম | বিষয় কোড: ১০১ | স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ননির্দেশনা (রুব্রিক্স)				
						১	২	৩
০১	'সুভা' গল্প অনুসরণে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি অনুধাবন এবং তাদের প্রতি পরিবার ও সমাজের ভূমিকা নির্ধারণ	বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে।	১. বাক্-প্রতিবন্ধী সুভা তার পরিবার ও সমাজ থেকে যে আচরণ পেয়েছে এর বিবরণ। ২. সুভার প্রতি পরিবার ও সমাজের প্রত্যাশিত ইতিবাচক আচরণ। ৩. তোমার চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতাসমূহ। ৪. 'একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষেরও সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মন আছে।' – মন্তব্যটি সুভা ও তোমার চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ।	১	সুভার প্রতি বিরূপ আচরণ	বিরূপ আচরণ শনাক্ত করতে পারা	বিরূপ আচরণ শনাক্ত করে ব্যাখ্যা করতে পারা	
				২	প্রত্যাশিত ইতিবাচক আচরণ	প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করতে পারা	প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করে ব্যাখ্যা করতে পারা	
				৩	চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতা	১-২টি প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারা	৩-৪টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা	৫-৬টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা
				৪	সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মনের পরিচয়	সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি উল্লেখ করতে পারা	মানুষ ও সমাজের সাপেক্ষে সুভার সংবেনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা	মানুষ, সমাজ ও পরিবেশ-প্রকৃতির সাপেক্ষে সুভার সংবেনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা

শিক্ষকঃ মোঃ রাশেদুল ইসলাম মোবাইলঃ ০১৭১৪৫৭০০৩৩

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত | বিষয় কোড: ১০৯ | স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)		
				প্রশ্ন	নির্দেশনা	নম্বর
০১	যে কোনো বাস্তব সংখ্যা x, y এবং z এর জন্য $x+y+z=2$, $x^2+y^2+z^2=3$ এবং $xyz=4$	১। বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘনরাশির সম্প্রসারণ করতে পারবে। ২। উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে।	ক) $xy+z-1$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। (প্রদত্ত তথ্যের সাহায্য নিয়ে z প্রতিস্থাপন করে উৎপাদকে বিশ্লেষণ করবে।)	ক)	• সঠিকভাবে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করতে পারলে	০২
					• প্রদত্ত তথ্যে থেকে z এর মান বসিয়ে সঠিকভাবে সরল করতে পারলে	০১
			খ) $(x-y)^2+(y-z)^2+(z-x)^2$ এর মান নির্ণয় কর। (বর্গ সংবলিত সূত্র ব্যবহার করে $(x-y)^2+(y-z)^2+(z-x)^2$ এর মান নির্ণয় করবে।)	খ)	• সূত্র প্রয়োগ করে সঠিকভাবে সমাধান করে মান নির্ণয় করতে পারলে	০৩
					• সূত্র প্রয়োগ করে সঠিকভাবে $(xy+yz+zx)$ এর মান নির্ণয় করতে পারলে	০২
					• $2(x^2+y^2+z^2)-2(xy+yz+zx)$ পর্যন্ত লিখতে পারলে	০১
			গ) $x^3+y^3+z^3$ এর মান নির্ণয় কর। (প্রথমে $(x+y+z)$ ও $(xy+yz+zx)$ এর গুণ করে এবং প্রদত্ত তথ্যের ব্যবহার করে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান নির্ণয় করবে। এরপর $(x+y+z)$ ও $(x^2+y^2+z^2)$ গুণ করে এবং প্রাপ্ত তথ্য ব্যবহার করে $x^3+y^3+z^3$ এর মান নির্ণয় করবে।)	গ)	• প্রদত্ত তথ্যে ও প্রয়োজনীয় সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে	০৩
					• $(x+y+z)$ ও $(x^2+y^2+z^2)$ এর গুণফলকে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান ব্যবহার উপযোগী করতে পারলে	০২
					• $(x+y+z)$ ও $(xy+yz+zx)$ এর গুণ করে এবং উদ্দীপকের তথ্য ব্যবহার করে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান নির্ণয় করতে পারলে	০১
			ঘ) প্রমাণ কর যে, $\frac{1}{xy+z-1}+\frac{1}{yz+x-1}+\frac{1}{zx+y-1}=-\frac{2}{9}$ (হরগুলোর উৎপাদকে বিশ্লেষণের জন্য 'ক' এর সাহায্য নেয়া যেতে পারে।)	ঘ)	• প্রদত্ত তথ্য ব্যবহার করে সঠিকভাবে প্রমাণ করতে পারলে	০৪
					• যোগফলের হরকে উদ্দীপক ব্যবহারের উপযোগী করতে পারলে	০৩
					• বামপক্ষের রাশিগুলো যোগ করতে পারলে	০২
					• হরগুলোর ২য় বা ৩য় টি উৎপাদক করতে পারলে	০১